গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

## স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা-১০৬/২০২৩-২০২৪**

**ময়মনসিংহ, ১৯ ফেব্রুয়ারি, সোমবার ২০২৪, ০৬ ফাল্গুন ১৪৩০**

**আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:**

০১। গাজায় গণহত্যা বন্ধ করতে বিশ্বনেতাদের প্রতি প্রধানমন্ত্রীর আহবান

০২। সংরক্ষিত নারী আসনে প্রার্থী মনোনয়ন জমা

০৩। পণ্যবাজার নিয়ন্ত্রণে কাজ করছে সরকার

০৪। অপতথ্য ও মিথ্যা তথ্য রোধে বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়ন একযোগে কাজ করবে

০৫। সাংবাদিকদের বেতন উল্লেখ না থাকলে তা নিয়োগপত্র হতে পারে না

**০১। গাজায় গণহত্যা বন্ধ করতে বিশ্বনেতাদের প্রতি প্রধানমন্ত্রীর আহবান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গাজায় গণহত্যা বন্ধ করতে বিশ্বনেতৃবৃন্দের প্রতি আহ্বান জানিয়েছেন। শনিবার (১৭ ফেব্রুয়ারি) মিউনিখ নিরাপত্তা সম্মেলনে অবস্থানকালে তুরস্কের রাষ্ট্রপরিচালিত সংস্থা আনাদোলু এজেন্সিকে দেয়া এক সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ সব সময় গণহত্যার বিরুদ্ধে দাঁড়িয়েছে। আমি মনে করি, গজায় যা ঘটছে তা গণহত্যা। তাই আমরা কখনোই এটিকে সমর্থন করি না। প্রধানমন্ত্রী আরো বলেন, 'ফিলিস্তিনি জনগণের বেঁচে থাকার ও তাদের নিজস্ব রাষ্ট্র গঠনের অধিকার রয়েছে'। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক সবুজ ও দৈনিক আজকের ময়মনসিংহ।

**০২। সংরক্ষিত নারী আসনে প্রার্থী মনোনয়ন জমা**

দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে ৪৮ প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। রবিবার (১৮ ফেব্রুয়ারি) বিকেল ০৩টায় আগারগাঁও নির্বাচন ভবনে রিটার্নিং কর্মকর্তার কাছে এসব মনোনয়নপত্র জমা দেয়া হয়। এ সময় আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের উপস্থিত ছিলেন। পরে তিনি জানান, আওয়ামী লীগ মনোনীত ৪৮ জনের মনোনয়নপত্র জমা দেয়া হয়েছে। এতে স্বতন্ত্র ও ১৪ দলেরও সদস্য রয়েছেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক সবুজ ও আজকের বাংলাদেশ।

**০৩। পণ্যবাজার নিয়ন্ত্রণে কাজ করছে সরকার**

দেশের পণ্যবাজার নিয়ন্ত্রণে সরকার কাজ করছে জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেছেন, দেশের শিল্প বাঁচলে দেশের অর্থনীতি বাঁচবে। আমরা বিভিন্ন মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে দেশের পণ্যবাজার নিয়ন্ত্রণে কাজ করছি। পণ্য পরিবহনের সময় চাঁদাবাজি বন্ধে কাজ করছি। এটা আর থাকবে না। রবিবার (১৮ ফেব্রুয়ারি) সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বাংলাদেশ চেম্বার অফ ইন্ডাস্ট্রিজের (বিসিআই) পরিচালনা পর্ষদের নেতারা দেখা করতে গেলে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

**০৪। অপতথ্য ও মিথ্যা তথ্য রোধে বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়ন একযোগে কাজ করবে**

অপতথ্য ও মিথ্যা তথ্য রোধে বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়ন একযোগে কাজ করবে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। রবিবার (১৮ ফেব্রুয়ারি) দুপুরে সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত হোয়াইটলির সাথে সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে একথা জানান প্রতিমন্ত্রী। এ সময় তিনি অপতথ্য প্রতিরোধের উল্লেখ করে বলেন, আমি আগেও বলেছি অপতথ্য প্রতিরোধ করতে চাই, কিন্তু মতপ্রকাশের অবাধ স্বাধীনতাকে সংকুচিত করে নয়। কারণ দুটো একই সঙ্গে আমাদের করতে হবে। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস ও আজকের বাংলাদেশ।

**০৫। সাংবাদিকদের বেতন উল্লেখ না থাকলে তা নিয়োগপত্র হতে পারে না**

জামালপুরে বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি নিজামুল হক নাসিম বলেছেন, দেশব্যাপী সাংবাদিকদের ডাটাবেজ তৈরির জন্য আমাদের কাছে কয়েক হাজার আবেদন জমা পড়েছে। কিন্তু বাছাইয়ে বেশিরভাগ আবেদন বাদ পড়েছে। কারণ অনেক সাংবাদিকের নিয়োগপত্রে বেতন উল্লেখ থাকে না। বেতন উল্লেখ না থাকলে তা নিয়োগপত্র হতে পারে না। অবশ্যই নিয়োগপত্রে বেতন উল্লেখ থাকতে হবে। রবিবার (১৮ ফেব্রুয়ারি) জামালপুর সার্কিট হাউস কনফারেন্স রুমে 'গণমাধ্যমে হলুদ সাংবাদিকতা প্রতিরোধ ও বস্তুনিষ্ঠ সাংবাদিকতা' শীর্ষক সেমিনার ও মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

# সম্পাদকীয়

**(ক)** **দৈনিক স্বদেশ সংবাদ ও আজকের বাংলাদেশ:** ফ্রিল্যান্সিং এর নামে ঘরে বসে মোটা অংকের টাকা আয়ের লোভ দেখিয়ে কিছু সংঘবদ্ধ প্রতারকচক্র তরুণ-তরুণীদের কাছ থেকে টাকা-পয়সা হাতিয়ে নিচ্ছে। এই ধরনের প্রতারকদের খপ্পর থেকে বাঁচতে তরুণ সমাজকে সচেতনতার সঙ্গে কাজ করতে হবে। দেশে সাইবার নিরাপত্তার জন্য কাজ করা সরকারের সংশ্লিষ্ট সংস্থাগুলোকে সময় থাকতে সঠিক পদক্ষেপ নিতে হবে।

**(খ)** **দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ**: কৃষি উৎপাদন ও কৃষিতে ব্যাঘাত ঘটার অন্যতম প্রধান কারণ সেচ সংকট। সরকার কর্তৃক সেচব্যবস্থা স্থাপন করা হলেও সেগুলো নিয়ন্ত্রণে স্থানীয় রাজনীতিকসহ নানা চ্যালেঞ্জ রয়েছে। অনেক প্রতিকূলতার মধ্যেও কৃষক তার সাধ্যমতো ফসল ফলানোর চেষ্টা চালিয়ে যাচ্ছেন। কৃষকদের প্রতি কোনো অনিয়ম-দুর্নীতি হলে তার বিরুদ্ধে সুষ্ঠু তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। কৃষককে উৎসাহিত করতে প্রণোদনা ও সার্বিক সহায়তা বাড়াতে হবে।

**(গ)** **দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** সামাজিক অস্থিরতার কারণে ক্রমান্বয়ে বাড়ছে অপরাধ। সম্প্রতি একের পর এক এমন হত্যা-নির্যাতনের নিষ্ঠুর ঘটনা তোলপাড় সৃষ্টি করছে। সাইবার জগতে নেতিবাচক কর্মকান্ড এবং মাদকের প্রভাবে নতুন ধরনের অপরাধপ্রবণতা তৈরি হচ্ছে। ফলে এখন আইনের প্রয়োগের পাশাপাশি পারিবারিকসহ সামাজিক ও রাষ্ট্রীয় নজরদারি প্রয়োজন।

# প্রবন্ধ/নিবন্ধ

০১। একুশে বইমেলা: বর্ণে বর্ণে সভ্যতা- সৈয়দ জাকির হোসাইন (দৈনিক সবুজ)

০২। দায়িত্ববান মানুষ শ্রেষ্ঠ আমানতদার!- প্রিন্সিপাল এম এইচ খান মঞ্জু (দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ)

০৩। জলবায়ু পরিবর্তনে উপকূলীয় অঞ্চলে ভূমির ব্যাপক পরিবর্তন ঘটছে- প্রকাশ ঘোষ বিধান। (আজকের বাংলাদেশ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৪/১০.৩০ ঘণ্টা।